# এনফোর্সমেন্ট বুলেটিন

(অক্টোবর, ২০২৪)



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**
**ড. আবদুল হামিদ**
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**
**মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
**মোঃ আঃ সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মোঃ রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
নভেম্বর ২০২৪

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারীকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় অক্টোবর/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অক্টোবর/২০২৪ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ, পাহাড় কাটা ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ৭৪টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ১৮৬ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৪৭,৪৫,৪০০/- (সাতচল্লিশ লক্ষ পয়তাল্লিশ হাজার চারশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয় এবং আনুমানিক ৭৪৯৬ কেজি পলিথিন জব্দ, ৮৪ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী তথাসার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। একইসাথে অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় অক্টোবর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক অক্টোবর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | অক্টোবর ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | অক্টোবর ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫-এর ৭ ধারার আওতায় অক্টোবর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানীতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

অক্টোবর ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ১৭৬ (একশত ছিয়াত্তর) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,৪৪,৩৫,০৮৯/- (এক কোটি চুয়াল্লিশ লক্ষ পয়ত্রিশ উনআশি) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ৭৭,৫৮,৮৯৭/- (সাতাত্তর লক্ষ আটান্ন হাজার আটশত সাতানব্বই) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক অক্টোবর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম:



চিত্র: অক্টোবর/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ ও সেবা সংযোগ বিচ্ছিন্নকরণ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০১ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আই এম টেকনোলজিকে ১০ হাজার টাকা, এম. এইচ. চৌধুরী জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা, এম এন ট্রেড কর্পোরেশনকে ১৫ হাজার টাকা; গাজীপুর জেলার রাইডার পিভিসি বোর্ড ইন্ডাস্ট্রিজকে ৩০ হাজার টাকা, এন টি বিজনেজ এন্টারপ্রাইজকে ৩০ হাজার টাকা; টাঙ্গাইল জেলার বুরো হেলথ কেয়ারকে ৪০ হাজার টাকা, মর্ডান ডক্টরস হসপিটালকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বরিশাল ও সিলেট জেলা কার্যালয় কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৪ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**০২ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের ভোলা, নওগাঁ ও গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি প্রতিষ্ঠান হতে মোট ৪৯ হাজার ৪ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১০০ কেজি পলিথিন জব্দ করা হয়। নীলফামারী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৭টি যানবাহন হতে মোট ৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে একটি অবৈধ ব্যাটারি কারখানা উচ্ছেদ করা হয়।





**০৩ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ২টি যানবাহন হতে মোট ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০৬ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৩ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক ফতুল্লার ক্রিয়েটিভ এমব্রয়ডারি নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**০৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার কনফিডেন্স ব্যাটারিজ লিমিটেডকে ১ লক্ষ ৮৭ হাজার ৭ শত টাকা; জয়পুরহাট জেলার আল মদিনা ডায়াগনস্টিক সেন্টার ও জেনারেল হাসপাতালকে ২০ হাজার টাকা, নিউ গ্রিন লাইফ ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার বসুন্ধরা পেপার মিলস লিঃ (ইউনিট-৩) কে ১৪ লক্ষ ৭৯ হাজার ৩ শত ৬০ টাকা; বাগেরহাট জেলার সুফিয়া মেমোরিয়াল মা-শিশু ও জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; নেত্রকোনা জেলার সখি তরঙ্গ স মিলকে ১০ হাজার টাকা; মাগুড়া জেলার রিগালো প্রাইভেট লিঃ কে ৫০ হাজার টাকা; পঞ্চগড় জেলার মেসার্স মক্কা টিম্বার এন্ড স মিলকে ১০ হাজার টাকা, ফরচুন কমার্শিয়াল লেয়ার ফার্মকে ৫০ হাজার টাকা; টাঙ্গাইল জেলার মা ও শিশু জেনারেল হাসপাতাল এন্ড ডায়াবেটিস সেন্টারকে ১০ হাজার টাকা; বগুড়া জেলার নিটলস মটরস লিঃ কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার উর্মিলা ফ্রেবিকস লিঃ কে ৩৫ হাজার টাকা, এলিট ফার্নিচার বিডি কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক খিলক্ষেত এলাকার ফারভেন্ট ওয়াশিং কারখানা সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ১ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

**০৮ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ময়মনসিংহ জেলার মেসার্স রতন ব্রিকসকে ৬ লক্ষ ৫০ হাজার টাকা; নেত্রকোনা জেলার লোকনাথ স মিলকে ১০ হাজার টাকা; ঢাকা জেলার লুবানা জেনারেল হাসপাতাল লিঃ কে ১৬ হাজার ১ শত ৯৫ টাকা, রুপনগর সেন্ট্রাল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগর কার্যালয়, চট্টগ্রাম জেলা কার্যালয় ও পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১১টি যানবাহন হতে মোট ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২১ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে রাঙ্গুনিয়ার মেসার্স মক্কা মদিনা ব্রিকস ও মেসার্স সিরাজ রফিক সাইফু এন্ড ব্রাদার্স নামক ইটভাটা হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যশোর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি গোডাউন হতে আনুমানিক ৬০০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**০৯ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ১ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৪ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার এম আর কুইন্টিং এন্ড পেডিং লিঃ কে ৩০ হাজার টাকা, এপ্রোপ্রিয়েট এ্যাপারেলস লিঃ কে ৫০ হাজার টাকা; বগুড়া জেলার রেইনবো কমিউনিটি হসপিটালকে ৩০ হাজার টাকা, রয়েল হাসপাতালকে ২০ হাজার টাকা, ডক্টরস ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক (ইউনিট-১) কে ৩০ হাজার টাকা ও ডক্টরস ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক (ইউনিট-২) কে ৩০ হাজার টাকা, পাবলিক জেনারেল হাসপাতালকে ২০ হাজার টাকা, প্রাইম ডায়াগনস্টিক এন্ড আয়েশা হায়দার ক্লিনিককে ২০ হাজার টাকা; ঢাকা জেলার মিডল্যান্ড এগ্রো ইন্ডাস্ট্রিজকে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ব্যাটারি রিসাইক্লিং ১টি কারখানা হতে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়।

শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬-এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

**১৫ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার এজি এগ্রো ফুডস লিঃ কে ১ লক্ষ ৯৪ হাজার ৫ শত ৬০ টাকা, এস এস সোয়েটার লিঃ কে ৫০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স সুমন ব্রিকস (ফিক্সড চিমনী) কে ৫ লক্ষ টাকা, মেসার্স রতন ব্রিকস (ফিক্সড চিমনী) কে ৫ লক্ষ টাকা; নরসিংদী জেলার খন্দকার জেনারেল হাসপাতালকে ১০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার তৌফিক সোয়েটার্স লিঃ কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগর কার্যালয়, গোপালগঞ্জ জেলা কার্যালয়, ময়মনসিংহ জেলা কার্যালয় ও যশোর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১৬টি যানবাহন হতে মোট ১৭ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৬ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৯টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ পলিথিন কারখানা হতে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের সিলেট বিভাগীয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে সিলেট জেলার আল হারামাইন হসপিটাল (প্রাঃ) লিঃ কে ৫ লক্ষ ২১ হাজার ৪ শত ৪০ টাকা, প্রিমিয়াম ফিস এন্ড এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ কে ৫৯ হাজার ৪০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড

**২০ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ২টি যানবাহন হতে মোট ১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মেসার্স হোসেন টেক্সটাইল মিলস, সরোয়ার আলমের ইট ক্রাসিং, ফারুখ হোসেনের ইট ক্রাসিং, আজাহার উদ্দিনের ইট ক্রাসিং নামক ৪ টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**২১ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকার জেলার ওর্য়াল্ড গ্রেজিং লি: কে ৩০ হাজার টাকা, বসুতি মা ও শিশু হাসপাতাল লি: কে ২০ হাজার টাকা, নিউ প্রভাতী রাবার এন্ড সোলসকে ১০ হাজার টাকা, মেসার্স সাগর ব্যাটারি হাউজকে ৮ লক্ষ টাকা, রাইট ফিট ফুট ওয়্যারকে ১০ হাজার টাকা; বরিশাল জেলার ইনসাফ হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগর কার্যালয় ও খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৩ হাজার ৬ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

**২২ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঝিনাইদহ জেলার ঝিনাইদহ ডায়াবেটিক হাসপাতালকে ২৫ হাজার টাকা; পাবনা জেলার মেসার্স আশাই রাইস মিলকে ১ লক্ষ টাকা; নরসিংদী জেলার মেসার্স আলী ফ্রেবিক্স এন্ড ডাইংকে ২ লক্ষ টাকা; বাগের হাট জেলার মেসার্স প্রগতি মেজর অটো রাইস মিলকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে গুলশান এলাকায় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ২টি যানবাহন হতে মোট ১ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। লক্ষীপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ৭ টি অবৈধ ইটভাটা হতে মোট ৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫ টি ভাটার চিমনি ভেঙ্গে দেয়া হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ীপলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

**২৩ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম অঞ্চল কার্যালয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে কুমিল্লা জেলার এস কিউ উড প্রিজারভেটিভকে ৩০ হাজার টাকা, এশিয়ান ডায়াঃ এন্ড কনসালটেশন সেন্টারকে ১০ হাজার টাকা, হোমনা সেন্ট্রাল হসপিটাল এন্ড ডায়া সেন্টারকে ২০ হাজার টাকা, বনফুল এন্ড কোং ৫৮ হাজার ২ শত টাকা; চট্টগ্রাম জেলার কর্ণফুলী ফিলিং স্টেশনকে ২০ হাজার টাকা; নোয়াখালী জেলার সাফিয়া সোবহান হাসপাতালকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা, ময়মনসিংহ জেলা কার্যালয় ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন ও ১টি প্রতিষ্ঠান হতে মোট ৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। লক্ষীপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ৬ টি অবৈধ ইটভাটা হতে মোট ১০৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২ টি ভাটার চিমনি ভেঙ্গে দেয়া হয়। টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ সিসা ভাট্টি উচ্ছেদ করা হয়।





**২৪ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও নীলফামারী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১১ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। সিলেট জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**২৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ১ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৪ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্যঅনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।





**২৮ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে সিরাজগঞ্জ জেলার পাপ্পু মন্সী ডাইংকে ৫০ হাজার টাকা, বিসমিল্লাহ মার্চরাইজ এন্ড প্রসেস মিলকে ২ লক্ষ টাকা, মন্সী ব্রাদার্স ডাইংকে ৫০ হাজার টাকা, শামীম এন্ড ব্রাদার্স ডাইংকে ৫০ হাজার টাকা, সোনালী একতা মার্চরাইজ এন্ড প্রসেস মিলকে ২ লক্ষ টাকা, হাজী মার্চরাইজ এন্ড প্রসেস মিলকে ২ লক্ষ টাকা, হাজী ডাইংকে ৫০ হাজার টাকা; রংপুর জেলার মেসার্স এস এমবি ব্রিকসকে ৬ লক্ষ টাকা, আর কে হাসপাতালকে ১৫ হাজার টাকা; ময়মনসিংহ জেলার ক্রাউন ফ্যাশন এপারেলস লিমিটেডকে ১ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার এস কে স্টিল মিলস লি: কে ২ লক্ষ টাকা; ঢাকা জেলার ভিক্টোরিয়া কনসালটেশন ডায়াগনস্টিক এন্ড হাসপাতালকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে উত্তরা এলাকায় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। লক্ষীপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ড্রাম চিমনি ইটভাটা ভেঙ্গে দেয়া হয়।





**২৯ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। লক্ষীপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১টি সনাতন পদ্ধতির ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। ঝিনাইদহ জেলায় কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৪ টি কাঠ কয়লার চুল্লি গুড়িয়ে দেয়া হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দন্ড





**৩০ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার আসিফ পোল্ট্রি ফার্মকে ১৫ হাজার টাকা; গাইবান্ধা জেলার মেসার্স থ্রি এস ব্রিকসকে ৫ লক্ষ টাকা; নেত্রকোণা জেলার মেসার্স সৃজন স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স জাহিদ স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স এম এ কে ৭ লক্ষ ৫০ হাজার টাকা; ঢাকা জেলার ডি এস বি রিসাইক্লিং প্লান্টকে ৮ লক্ষ টাকা; নীলফামারী জেলার টি এন এস টায়ার এন্ড ওয়েল কোম্পানী লি: কে ৮ লক্ষ টাকা, মেসার্স এ কে ব্রিকসকে ৭ লক্ষ ৫০ হাজার টাকা; রংপুর জেলার মেসার্স আর জাহান ফিলিং স্টেশনকে ২০ হাজার টাকা, ইন্টারন্যাশনাল হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। লক্ষীপুর ও চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮ টি অবৈধ ইটভাটা হতে মোট ৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক বসিলা এলাকার কুষ্টিয়া ডোর সেন্টার নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্নকরন করা হয়।





**৩১ অক্টোবর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার ৮ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। টাঙ্গাইল ও চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৬ টি অবৈধ ইটভাটা হতে মোট ১৮ লক্ষ ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ীস্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড














অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে










অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে






অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে





অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে